

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৩১.০২৭.১৬-৩১০

২৯ বৈশাখ ১৪২৩
তারিখঃ-----
১২ মে ২০১৬

পরিপত্র

বিষয়ঃ প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদেরকে শারীরিক শাস্তি প্রদান বন্ধকরণ প্রসঙ্গে।

অসীম কৌতূহল, অফুরন্ত সম্ভাবনা ও উদ্যমের অধিকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিকাশ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই বিদ্যালয়কে শিশু-বান্ধব এবং শিশুদের দ্বিতীয় বাসস্থান হিসেবে গড়ে তোলার স্বার্থে শিক্ষার্থীদের উপর মানসিক ও শারীরিক শাস্তি প্রদানের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাদানের কোনো সুযোগ নেই।

০২. লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদেরকে প্রাতিষ্ঠানিক নিয়ম শৃঙ্খলা ও পাঠ শিক্ষণে অবহেলা বা অন্যবিধ কারণে শিক্ষক কিংবা অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অমানবিক ও নির্মম শাস্তি প্রদান করা হচ্ছে। শিশুদের শাস্তি প্রদানের বিষয়টি দেশের প্রচলিত নারী ও শিশু নির্যাতন আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এছাড়া মানসিকভাবে লাঞ্চিত শিশুর সুস্থ ও স্বাভাবিক বিকাশ বাধাগ্রস্ত হয় এবং শিশুর উপর বিভিন্ন মনোদৈহিক বিরূপ ও নেতিবাচক প্রভাব পড়ে।

০৩. প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শাস্তি প্রদান কিংবা মানসিকভাবে লাঞ্চিত করার বিষয়টি অনতিবিলম্বে বন্ধ করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

- (ক) প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদেরকে শারীরিক শাস্তি প্রদান সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো;
- (খ) শিক্ষার্থীদের উপর শারীরিক ও মানসিক শাস্তি প্রদানের বিষয়টি অসদাচরণ (Misconduct) হিসেবে গণ্য হবে;
- (গ) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর শারীরিক শাস্তি প্রদানকারীগণের বিরুদ্ধে ক্ষেত্রমতে দণ্ডবিধি, ১৮৬০, শিশু আইন, ২০১৩ এর সংশ্লিষ্ট ধারা অথবা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ বিষয়ে মাঠ পর্যায়ে সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন;
- (ঘ) শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের শারীরিক শাস্তি প্রদান বন্ধে বিভিন্ন ধরনের সচেতনতামূলক শ্লোগান সম্বলিত পোস্টার, ব্যানার প্রস্তুতপূর্বক তা সকল প্রাথমিক বিদ্যালয়ের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে;
- (ঙ) প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শাস্তি প্রদান বন্ধের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;
- (চ) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক/মানসিক শাস্তি প্রদানকারী শিক্ষকগণকে চিহ্নিত করে বিধি মোতাবেক প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করবে;

- (ছ) মন্ত্রণালয়/অধিদপ্তর/মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ প্রাথমিক বিদ্যালয়সমূহ পরিদর্শনকালে শিক্ষার্থীদের উপর শারীরিক/মানসিক শাস্তি প্রদানের বিষয়টি যাচাই করে দেখবেন এবং এ বিষয়ে পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করবেন;
- (জ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের সময় নিয়োগপত্রে বিদ্যালয়ের কোন শিক্ষার্থীদের উপর শারীরিক ও মানসিক শাস্তি প্রদান/নির্যাতন করা যাবে না মর্মে শর্ত অন্তর্ভুক্ত করতে হবে এবং এ মর্মে নিয়োগকালে শিক্ষকদের নিকট হতে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে;
- (ঝ) বিভাগীয় উপ-পরিচালক এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের নিয়ে অনুষ্ঠিত সমন্বয় সভাসহ প্রতিটি উপজেলায় প্রধান শিক্ষকদের নিয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় শারীরিক শাস্তি প্রদান বন্ধকরণ সংক্রান্ত পরিপত্রের দিক নির্দেশনাসহ সরকার কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত অপরাপর নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন হচ্ছে কীনা- সে বিষয়ে আলোচনাপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ১২/০৫/২০১৬

(মোঃ হুমায়ুন খালিদ)

সচিব

২৯ বৈশাখ ১৪২৩


তারিখঃ-----

১২ মে ২০১৬

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৩১.০২৭.১৬-৩১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (তাঁর অধীনস্থ সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউটের সংশ্লিষ্টদের বিষয়টি অবহিতকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪. জেলা প্রশাসক, (সকল)।
৫. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
৬. বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)।
৮. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৯. উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)।
১০. অফিস কপি।



(জাজরীন নাহার)

সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)

ফোনঃ ৯৫৭৭২৫৫